# উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ এর অক্টোবর-২০২০খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ আবুল কালাম,
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ভালুকা, ময়মনসিংহ।
তারিখ ঃ ১৫/১০/২০২০ খ্রিঃ
সময় ঃ দুপুর ১২.৩০ ঘটিকা।

## উপস্থিত সদস্যবর্গ ঃ পরিশিষ্ট "ক"

উপজেলা পরিষদের মাসিক সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা জনাব মোঃ আবুল কালাম সভায় উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান, তিনি বিগত সভার কর্যবিবরণী পাঠ করেন।

বিগত সভার কার্যবিবরণী বিস্তারিত ভাবে পর্যালোচনা করা হয়। কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী সভায় আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিভাগীয় আলোচনা ঃ**

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরের উপজেলা রাজস্ব / উন্নয়ন তহবিল এর অর্থায়নের আওতায় গৃহীত প্রকল্পগুলির উন্নয়ন কাজ প্রাক্কলন মোতাবেক সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতায় অত্যন্ত সন্তোষ জনকভাবে কাজ চলমান আছে।<br>খ) উপজেলা প্রকৌশলীর আরো জানান যে, অতিবৃষ্টির কারণে জনসাধারণের চলাচল স্বাভাবিক রাখা জন্য ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিষদের রাজস্ব / উন্নয়ন তহবিলের অর্থায়নে নিম্নোক্ত প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন।<br>১. নিশিন্দা বাশার স্পিনিং মিলস এর বাউন্ডারির কোনা হতে আলাল উদ্দিনের বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং করণ।<br>২. নিশিন্দা আলাল উদ্দিনের বাড়ী হতে মজিবুরের কোনের ফ্যাক্টরি পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং করণ।<br>৩. নিশিন্দা কোনের ফ্যাক্টরি হতে নিশিন্দা দক্ষিণ পাড়া জামে মসজিদ পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং করণ।<br>৪. ডাকাতিয়া সামালিয়া পাড়া মহর মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করণ।<br>৫. ভালুকা মেদিলা রাস্তা হতে মজিদ মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা খোয়া খোয়া ও বালি দিয়ে উন্নয়ন।<br>গ) উপজেলা প্রকৌশলীর আরো জানান যে, ২৪/১২/২০১৯ খ্রি. ১৭/০৯/২০২০ খ্রি. তারিখে অনুমোদকৃত নিম্নোক্ত রাস্তাগুলির নাম সংশোধন প্রয়োজন।<br>১. ভালুকা মল্লিকবাড়ী রোড়ের ব্রীজের মোড় হতে হালিমুননেসা বালিকা স্কুল হয়ে ঢাকা ময়মনসিংহ রোড পর্যন্ত রাস্তা পাকা করণ। সংশোধিত প্রকল্প : ভালুকা মল্লিকবাড়ী রোড়ের ব্রীজের মোড় হতে হালিমুননেসা বালিকা স্কুল হয়ে ঢাকা ময়মনসিংহ রোড পর্যন্ত রাস্তা 85m Brick Guide wall সহ 00-186m রাস্তা HBB করণ।<br>২. মিরকা ফকিরবাড়ী মোড় পাকা রাস্তার মাথা হতে হাসিনা বানু বালিকা বিদ্যালয় হয়ে ওমর আলী সরকারের বাড়ী পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। সংশোধিত প্রকল্প : কুমিরা বিলের এইচবিবি সড়কের শেষ মাথা থেকে ওমর আলী সরকারের বাড়ী পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ।<br>৩. মল্লিকবাড়ী বাজারের ভিতরে ড্রেন নির্মাণ। সংশোধিত প্রকল্প : মল্লিকবাড়ী বাজারের ভিতরে রি-কাষ্ট আর.সি.সি ড্রেন নির্মাণ।<br>৪. মামারিশপুর রাস্তা হতে সুরুজ মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। সংশোধিত প্রকল্প : মামারিশপুর সুরুজ মেম্বারের বাড়ীর পাকা রাস্তার মাথা হতে শমসেরদের বাড়ী পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। | বিস্তারিত আলোচনান্তে গৃহীত প্রকল্পগুলির কাজের গুনগত মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং ভালুকা উপজেলার গ্রামীন সড়ক উন্নয়নের জন্য প্রস্তাবনা তৈরী রাখার জন্য অনুরোধ করা হল।<br><br>খ) বিস্তারিত আলোচনান্তে গৃহীত প্রকল্পগুলির কাজের গুনগত মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং ভালুকা উপজেলার গ্রামীন সড়ক উন্নয়নের জন্য প্রস্তাবনা তৈরী রাখার জন্য অনুরোধ করা হল।<br><br>গ) বিস্তারিত আলোচনান্তে সংশোধিত গৃহীত প্রকল্পগুলি দ্রুত সম্পন্ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতার কার্যপত্র পাওয়া যায়নি। | | |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি কর্মকতা সভায় জানান যে, সেপ্টেম্বর-২০২০ খ্রিঃ মাসে<br>১। রাজস্ব খাতের আওতায় আমন ধান প্রদর্শনী।<br>২। কৃষক পর্যায়ে উন্নমানের ডাল, তেল, মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পে মাসকলাই ও সরিষা প্রদর্শনী। | বিস্তারিত আলোচনান্তে দেশের খাদ্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জণের জন্য নিয়মিত চাষিদের কৃষি খামার পরিদর্শন সহ খাদ্য উৎপাদনের ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় | উপজেলা কৃষি কর্মকর্তা, ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| | ৩। আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম, পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আমন ধান প্রদর্শনী।<br>৪। লেবু জাতীয় ফসলের প্রম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের মালটা, কমলা ও লেবুর বাগান প্রদর্শনী।<br>৫। ২০২০-২০২১ খ্রিঃ মৌসুমে পারিবারিক কৃষির আওতায় সবজি-পুষ্টি বাগান স্থাপন এবং মাসকলাই ফসলের কৃষি প্রণোদনা কর্মসূচি চালু রয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পরামর্শ প্রদান করা হয় । | |
| ০৪ | <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ</u><br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, গবাদি পশুর কৃত্রিম প্রজনন, গবাদি পশু, হাঁস মুরগী, পোষা প্রাণী চিকিৎসা প্রদান করা হয় এবং রোগ অনুসন্ধানের নমুনা সংগ্রহ এবং গবেষণাগারে প্রেরণ করা হয়। মাংস উৎপাদন, দুধ উৎপাদন, ডিম উৎপাদনের পরামর্শ প্রদান করা হয়। উৎপাদিত পণ্যের মান নিশ্চিত করার জন্য নিয়মিত খামার, ফিডমিল, হ্যাচারি পরিদর্শন করা হয় এবং এ মাসে ৫০ জন কৃষককে গবাদি পশু ও হাঁস মুরগী পালন বিষয়ে সাধারণ প্রশিক্ষণ দেওয়া হয় । এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে প্রাণিসম্পদ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জণের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ভালুকা |
| ০৫ | <u>উপজেলা মৎস্য বিভাগ ঃ</u><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতার কার্যপত্র পাওয়া যায়নি। | | |
| ০৬ | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,<br>১। শিক্ষক-কর্মচারীদের অন লাইনে এমপিও প্রেরণ।<br>২। করোনাকালীন সময়ে সংসদ টিভি এবং শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব উদ্যোগে অন লাইনের মাধ্যমে ক্লাস গ্রহনের জন্য শিক্ষা প্রতিষ্ঠানকে উদ্ভদ্ধকরণ ।<br>৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর নির্দেশনা মোতাবেক কোভিড-১৯ পরিস্থিতে ২০২০ শিক্ষাবর্ষের পুণঃর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট ও মূল্যায়নের বিষয়টি সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিতকরণ।<br>৪। NTRCA এ কর্তৃক নিয়োগকৃত শিক্ষকদের তথ্যাদি উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।<br>৫। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ মহোদয়ের নির্দেশক্রমে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের বাদপড়া শিক্ষক-কর্মচারীদের তথ্য প্রেরণ।<br>৬। অন-লাইনের মাধ্যমে বার্ষিক শিক্ষা জরিপ-২০ এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রকল্পভূক্ত ছাত্র-ছাত্রীদের উপবৃত্তির ডাটাবেইজ কার্যক্রম চলমান।<br>৭। উপজেলা পরিষদ, জেলা শিক্ষা অফিস, উপ-পরিচালকসহ উর্দ্ধতন কর্তৃপক্ষের চলমান কার্যাদি সম্পাদন। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা |
| ০৭ | <u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ</u><br>উপজেলা শিক্ষা কর্মকতার কার্যপত্র পাওয়া যায়নি। | | |
| ০৮ | <u>উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ ঃ</u><br>উপজেলা শিক্ষা কর্মকতার কার্যপত্র পাওয়া যায়নি। | | |
| ০৯ | <u>উপজেলা খাদ্য বিভাগ ঃ</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক দাখিলকৃত কার্যপত্র মতে খাদ্য শষ্য (চাল) ক্রয়, অন্য গুদাম হতে চাল সংগ্রহ, বিভিন্ন খাতে চাল / গম বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে খাদ্য শষ্য ক্রয়ে স্বচ্ছতা এবং নিয়মিত সকল তথ্য উপাত্ত পরিষদকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভালুকা |
| ১০ | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ দপ্তর হতে গত আগস্ট/২০২০ খ্রিঃ মাসে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়েছে। সক্ষম দম্পত্তি = ৯০৭৮৫ টি, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহিতা = ৭০১৯২ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের হার = ৭৭.৩২%, স্থায়ী পদ্ধতি = ৩০জন, আইইউডি = ৪০জন, ইমপ্ল্যান্ট = ৫৮জন, ইনজেকটেবল = ৯০৩১ জন, খাবার বড়ি = ৪৪৪১৮, কনডম = ৫৪৬৪ জন, মোট গর্ভবতীর সংখ্যা = ১২৪১ জন, গর্ভকালীন সেবার তথ্য = ১০৮২ জন, প্রসব সেবার তথ্য = ২৯৬ জন, নরমাল ডেলিভারি সেবা = ১০ জন, মোট জীবিত জন্ম = ৩০৩ জন, প্রসবোত্তর সেবার তথ্য ৫৬৫ জন, কিশোর কিশোরীর সেবা ২৮২০ জন, পাঁচ বছর পর্যন্ত শিশুর সেবা = ৮৫৩৪ জন, পুষ্টি সেবা = ২৩৮২ জন, সাধারণ রোগীর সেবা = ৫৩১২ | বিস্তারিত আলোচনান্তে করোনা (কভিড-১৯) কালে জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি ব্যবহার সম্পর্কে জনসচেতনতা ও গ্রহণকারীর সংখ্যা বৃদ্ধি করা এবং সেবা গ্রহণকারীদের কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতন করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| | জন, সম্পাদিত স্যাটেলাইটের সংখ্যা = ৫৩ জন, কৈশোর বান্ধব প্রদত্ত সেবা = ৯৭ জন, কমিউনিটি ক্লিনিকের প্রদত্ত সেবা = ২৯৫৭ জন, সিএসবিএদের প্রদত্ত সেবা = ৮৯৪ জন এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>১। দুঃস্থ মহিলা উন্নয়ন(ভিজিডি) দরিদ্র মা,র জন্য মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবী ল্যাটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির উপকারভোগীদের যাচাই বাছাই সংক্রান্ত ২০২১-২০২২ অর্থ বছরে ভিজিডি, মাতৃত্ব ভাতা ও ল্যাকটেটিং মাদার মহায়তা কর্মসূচির আওতায় প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী ইতোমধ্যে অবহিতকরণ সভা করা হয়েছে এবং এ বিষয়ে অনলাইনে আবেদন ও ডাটা এন্ট্রির কাজ চলছে।<br>২। প্রতি মাসের ন্যায় সেপ্টেম্বর/২০২০ খ্রিঃ মাসে ভিজিডি উপকারভোগী মহিলাদের মাঝে ১১টি ইউনিয়নে ২৬০৯ জন উপকারভোগীকে ৭৮.২৭ মেট্রিক টন খাদ্যশস্য বিতরণ করা হয়েছে।<br>৩। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প (আইজিএ) প্রশিক্ষণ কেন্দ্রে দুইটি ট্রেডে টেইলারিং ও বিউটিফিকেশন ট্রেডে (২৫+২৫)= ৫০ জন প্রশিক্ষণার্থীদের স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ চলমান আছে এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে চলমান টেইলারিং ও বিউটিফিকেশন ট্রেডের প্রশিক্ষণ সার্বক্ষণিক মনিটর করাসহ প্রশিক্ষণ গ্রহণকারী প্রত্যেকেই যেন স্বাবলম্বী হতে পারে তার জন্য সকল প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে, বাল্য বিবাহের কুফল, কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতন করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। ভালুকা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি) ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে বিআরডিবি সমিতি পর্যায়ে ঋণদান কর্মসূচী ছাড়াও বিভিন্ন সেবা মূলক কর্মকান্ড পরিচালনা করে থাকে। ঋণ বিতরণের সময় সমিতির সদস্যদের বিভিন্ন ফলজ চারা বিতরণ করা হয়ে থাকে। তাছাড়া বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয়। পাশা পাশি জনসচেনতামূলক কর্মকান্ড পরিচালনা অব্যাহত রয়েছে। যেমন-বাল্য বিবাহ, যৌতুক প্রথা বন্ধ, কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক কার্যক্রম চলমান আছে এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সমিতি সমূহের কর্যক্রম সার্বক্ষণিক মনিটর করাসহ সমিতির সদস্য যেন স্বালম্বী হতে পারে এ বিষয়ে সকল প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এ বিভাগের প্রতিটি ক্ষেত্রে অনুষ্ঠিতব্য সভায় সন্ত্রাস, জঙ্গীবাদের কুফল, কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভালুকা। |
| ১৩ | উপজেলা সমাজসেবা দপ্তর ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকতার সভায় জানান যে, গত ০৫/০৮/২০২০ খ্রি. তারিখে সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় ভালুকা উপজেলায় জিটুপি পদ্ধতিতে ভাতা বিতরণের লক্ষে mis ডাটা এন্টি কার্যক্রম উদ্বোধন করেন। ইউপি চেয়ারম্যানগণ এবং উদ্যোক্তাগণের সহযোগীতায় ইতোমধ্যে ৯২% ডাটা এন্টি সম্পন্ন হয়েছে বাকি ভাতা ভোগীদের mis ডাটা এন্টি কার্যক্রম চলমান। মহা পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক জিটুপিতে বাদপড়া কম বয়সী, অন্যত্র স্থানান্তর স্থানান্তরিত, মৃত, ভাতাভোগীদের স্থলে নতুন ভাতাভোগী প্রতিস্থাপন কার্যক্রম চলমান। আগামী ১৫ কর্মদিবসের মধ্যে mis ডাটা এন্টি কার্যক্রম শেষ হবে বলে আশা করা যাচ্ছে। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে সরকারি বিধি মোতাবেক ডাটা এন্টি ও ভাতা ভোগীদের ভাতাকার্ড বিতরণের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভালুকা |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, এ উপজেলায় অডিটযোগ্য সমবায় সমিতি ২৭০ টি। সেপ্টেম্বর-২০২০ খ্রি. মাসে অডিট সম্পাদন ৩০টি, নতুন নিবন্ধন ২টি, রাজস্ব আদায়= ১০,৬৯০/- টাকা, সাংগাঠনিক সভা ২টি এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সমিতি সমূহের কর্যক্রম সার্বক্ষণিক মনিটর এবং কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা সমবায় অফিসার, ভালুকা |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ<br>উপজেলা শিক্ষা কর্মকতার কার্যপত্র পাওয়া যায়নি। | | |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২০ খ্রিঃ মাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের শাহাদৎ বার্ষিকী উপলক্ষ্যে ১৪জন প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুব মহিলাদের মধ্যে ৬,২০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ = ৩,৩৯,৬২,৭৫০/- আদায় = ২,২৭,৯৪০/- খেলাপী = ২০,২৮৪/- ঋণ আদায়ের হার = ৮৮%। সেপ্টেম্বর/২০২০ খ্রিঃ মাসে ৭৫জন বেকার যুবককে গরু মোটাতাজা করণের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এ ছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায়ের জন্য পরামর্শ প্রদান করা হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | <u>উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ</u><br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২০ খ্রি. মাসে আউশ ধান কর্তন, ধানের বিক্রয় মূল্য ও উৎপাদন খরচ, মৎস উৎপাদন খরচ, গবাদি পশু ও হাস মুরগী প্রাক্কলন, গ্রীষ্মকালীন ডাল, পেয়ারা, আম সহ অন্যান্য ফসলাদী জরীপ সম্পন্ন করা হয়েছে এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য তাঁকে পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ভালুকা। |
| ১৮ | <u>উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) বিভাগ ঃ</u><br>উপ-সহকারী প্রকৌশলী( বিএডিসি) কর্মকতার কার্যপত্র পাওয়া যায়নি। | | |
| ১৯ | <u>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন ঃ</u><br>উপজেলা সিনিয়র দারিদ্র্য বিমোচন অফিসার সভায় জানান যে,<br>১। ঋণ বিতরণ : ক্ষুদ্র ঋণ ২২.৭০ লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ৬.৭০ লক্ষ, উদ্যোক্তা ঋণ ২৮.৫০ লক্ষ, প্রান্তিক কৃষক প্রকল্প ঋণ ২.৩০ লক্ষ, মোট ৬০.২০ লক্ষ টাকা।<br>২। ঋণ আদায় : ক্ষুদ্র ঋণ ২৪.৯৯ লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ১৫.৯০ লক্ষ, উদ্যোক্তা ঋণ ৩৫.৭৩ লক্ষ, প্রান্তিক কৃষক প্রকল্প ঋণ ৩.৬৩ লক্ষ, মোট ৮০.২৫ লক্ষ টাকা।<br>৩। ঋণ আদায়ের হার : ক্ষুদ্র ঋণ ৮০%, নারী উদ্যোক্তা ঋণ ৭০%, উদ্যোক্তা ঋণ ৮৫%, প্রান্তিক কৃষক প্রকল্প ঋণ ৮০, গড় ৭৯% এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং করোনা কালীন সময়ে সরকার নির্ধারিত বিধি মোতাবেক কাজ করার নির্দেশ প্রদান করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২০ | <u>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পল্লী জীবিকায়ন প্রকল্প) ঃ</u><br>উপজেলা শিক্ষা কর্মকতার কার্যপত্র পাওয়া যায়নি। | | |
| ২১ | <u>আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক ঃ</u><br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, অত্র উপজেলায় মোট সমিতির সংখ্যা = ৩৫৫টি, মোট সদস্য সংখ্যা= ১৬০৪২ জন, অক্টোবর/২০২০ মাসের কার্যক্রম সঞ্চয় আদায় = ১৮,১০,০০০/-, ঋণ বিতরণ = ১,৮৭,৯০,০০০/-, ঋণ আদায় = ৯৩,৫৫,০০০/- এবং ক্রমপুঞ্জিত তথ্যগুলি হলো, মোট সঞ্চয় আদায় = ৫,৬৪,১৯,০০০/-, মোট ঋণ বিতরণ = ৩৪,৩৯,৪১,০০০/-, মোট ঋণ আদায় = ১৮,৩৯,৫৮,০০০/- | বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমন্বয়কারীকে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমন্বয়কারী, আবাআখা. ভালুকা |
| ২২ | <u>ইসলামিক ফাউন্ডেশন ঃ</u><br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, ভালুকা উপজেলার সকল ইউনিয়নে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদ ভিত্তিক শিক্ষা ও গনশিক্ষা কার্যক্রমের ১৭৪ টি কেন্দ্র রয়েছে। প্রাক-প্রাথমিক কেন্দ্র ৭৪টি, সহজ কুরআন শিক্ষা কেন্দ্র ৯৯টি, বয়স্ক শিক্ষা কেন্দ্র ১টি এছাড়াও একটি মডেল রিসোর্স সেন্টার ও ২টি সাধারণ রিসোর্স সেন্টার ও ২টি দারুল আরকাম এবতেদায়ী মাদ্রাসা রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভালুকা |
| ২৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা সভায় জানান যে, উপজেলা কমিটির মিটিংগুলি নিয়মিত হচ্ছে। এ মাসের উপজেলা কমিটির মিটিং থেকে ইউজিডিপি প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের আওতায় নিম্নোক্ত উপ-প্রকল্প ও বরাদ্দ সভায় অনুমোদন প্রয়োজন।<br>উপ-প্রকল্প-০২ : ক. মৎস্য চাষী, মৎস্যজীবী, উদ্যোক্তা ও ব্যবসায়ীদের মৎস্য সংক্রান্ত আইন ও বিধিমালা সংক্রান্ত বিষয়ক প্রশিক্ষণ।<br>খ. করোনা পরবর্তী উত্তম মৎস্যচাষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ। বরাদ্দ : ১,৪১,১২০/-<br>উপ-প্রকল্প-০৩ : ICT in Education, Literacy, Troubleshooting & Maintenance বিষয়ক মাধ্যমিক বিদ্যালয়ের আইসিটি শিক্ষকদের প্রশিক্ষণ। বরাদ্দ : ১,৫৫,৪০৫/-<br>উপপ্রকল্প-০৫ : নারী উদ্যোক্তা তৈরী করার লক্ষ্যে খাদ্য প্রক্রিয়াকরণ ও তৈরীকরণ বিষয়ক প্রশিক্ষণ। বরাদ্দ : ১,২৫,৫৪৫/- | বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত প্রকল্পগুলির প্রস্তাবনা অনুমোদনের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর প্রধান কার্যালয়ে প্রয়োজনীয় কাগজ পত্রাদি সহ প্রেরণ এবং অবকাঠামোগত উপ-প্রকল্পগুলি চূড়ান্ত করণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যন, উপজেলা ডেভেলমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), ভালুকা |
| ২৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা সভায় জানান যে, উপজেলা কমিটির মিটিংগুলি নিয়মিত হচ্ছে। এ মাসের উপজেলা কমিটির মিটিং থেকে ইউজিডিপি প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের আওতায় নিম্নোক্ত উপ-প্রকল্প ও বরাদ্দ সভায় অনুমোদন প্রয়োজন।<br>উপ-প্রকল্প-০১ : সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের PPR, IBAS++ & E Filling বিষয়ক প্রশিক্ষণ। বরাদ্দ : ১,১১,৮৪০/-<br>উপ-প্রকল্প-০৪ : প্রাথমিক শিক্ষকদের ডিজিটাল কন্টেন্ট তৈরী ও | বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত প্রকল্পগুলির প্রস্তাবনা অনুমোদনের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর প্রধান কার্যালয়ে প্রয়োজনীয় কাগজ পত্রাদি সহ প্রেরণ এবং অবকাঠামোগত উপ-প্রকল্পগুলি চূড়ান্ত করণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা। উপজেলা ভাইস চেয়ারম্যন, উপজেলা ডেভেলমেন্ট |

| | | | |
|---|---|---|---|
| | আপলোড এবং জুম/ মিট এর মাধ্যমে মিটিং ও পাঠদান বিষয়ক প্রশিক্ষণ। বরাদ্দ : ১,৬৮,৮৮০/-<br>উপপ্রকল্প-০৬ : মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের করোনা সংক্রান্ত স্বাস্থ্যবিধি ও প্রজনন স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ। বরাদ্দ : ১,৪২,০৬০/-<br>উপপ্রকল্প-০৭ : করোনাকালীন সময়ে আত্নকর্মসংস্থানের লক্ষ্যে যুবকদের ফ্রি ল্যান্সিং ও ডিজিটাল মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ। বরাদ্দ : ১,৫৫,১৫০/- (ভ্যাট/ট্যাক্স ব্যতিত) | | ফ্যাসিলিটেটর (ইউডিএফ), ভালুকা |
| ২৩ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার সকল সরকারি দপ্তর তাদের কার্যক্রম ভালো ভাবে পরিচালনা করছেন এবং সকল দপ্তর প্রধানকে নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে সকল দপ্তরের সমন্বয়ে উন্নত ভালুকা গড়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা। |
| ২৪ | বিবিধ :<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব / উন্নয়ন তহবিলের অর্থায়নে গৃহীত উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য উপজেলা চেয়ারম্যান বাংলো, ইউএনও বাংলো, অফিসের গুরুত্বপূর্ণ স্থানে সিসিটিভি ক্যামেরা স্থাপন এবং গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন এবং নিম্নোক্ত কাজে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য প্রস্তাব করেন :<br>১। উপজেলা পরিষদ কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এসি সংযোজনের ইলেট্রিক ও ইন্টারনেটে সংযোগের মালামাল ক্রয়।<br>২। উপজেলা চেয়ারম্যান এর ব্যবহারের জন্য প্যাড, ভিজিটিং কার্ড, ইনভেলাপ ও অফিসের অন্যান্য মালামাল ক্রয়।<br>৩। বৈশাখী ও চৈতি কোয়াটারের গ্যাস লাইন, পানির লাইন মেরামত, ড্রেন মেরামত ও পরিষ্কার এবং সেপটিক ট্যাংকগুলি পরিষ্কার ও সংস্কার করণ।<br>৪। পুরাতন অফিস ভবন হতে নতুন অফিস ভবনে উপজেলা পরিষদ কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় স্থানান্তর করণ।<br>৫। উপজেলা পরিষদের নিরাপত্তায় নিয়োজিত আনসার বাহিনীদের থাকা খাওয়ার সুবিধার্থে প্রয়োজনীয় মালামাল ক্রয়।<br>৬। নতুন অফিস ভবনে উপজেলা পরিষদ কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাইস চেয়ারম্যানদ্বয়ের কার্যালয়ে অনার বোর্ড এবং সকল কর্মকর্তা কর্মচারীদের নেমপ্লেট তৈরি করণ। | বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত কাজে প্রয়োজনীয় টাকা বরাদ্দের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা। |

আর কোন আলোচনা না থাকায় উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় উপজেলা পরিষদ সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান এবং উপজেলা পরিষদের কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জ্ঞাপন করেন।

পরিশেষে সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/১০/২০২০

(মোঃ আবুল কালাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং : উনিঅ/ভালুকা/উঃজেঃমাঃসভা/২০২০- ৬২৮/১
তারিখ ঃ ১৫/১০/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। আলহাজ্ব কাজিম উদ্দিন আহম্মেদ, সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদ এবং মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৬-ময়মনসিংহ-১১, ভালুকা
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।
৩। উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৪। মেয়র, ভালুকা, পৌরসভা, ময়মনসিংহ ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ ।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ ।
৭। উপজেলা ........................অফিসার, ভালুকা, ময়মনসিংহ ।
৮। চেয়ারম্যান ........................ইউনিয়ন পরিষদ (সকল), ভালুকা, ময়মনসিংহ ।
৯। জনাব/বেগম ........................

১৫/১০/২০২০

(সালমা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ।